# MASTER OF ARTS EXAMINATION, 2024

(2nd Year, 4th Semester)

## COMPARATIVE LITERATURE

**Course : CL/PG/4.2B**

**[ Literatures of Bangladesh-II ]**

Time : Two Hours — Full Marks : 30

বাংলা অথবা ইংরাজি ভাষায় সকল প্রশ্নের উত্তর দাও।

প্রশ্নগুলি সমমানের।

১। ক) ‘সূর্যের দিন’ উপন্যাসের নায়ক হলো সময়। ব্যাখ্যা করো।

**অথবা**

খ) হাসান আজিজুল হকের “শকুন” গল্পটিতে শকুনের প্রতীক হিসাবে তৎকালীন বাংলাদেশের যে রাজনৈতিক চালচিত্র ফুটে ওঠে, তা উক্ত পাঠের ঘটনাবলী উল্লেখ করে ব্যাখ্যা কর।

২। ক) জাহানারা ইমামের ‘একাত্তরের দিনগুলিতে’-তে রুমির কথাবার্তা এবং ক্রিয়াকলাপের মধ্যে ফুটে উঠেছে ’৭১-এর বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনের সমগ্র মুক্তিকামী মানুষের প্রতিবাদী চেতনা।— এ বিষয়ে তোমার মতামত জানাও।

**অথবা**

খ) আত্মজীবনী ও স্মৃতিকথা- সাহিত্যের এই দুই সংরূপ-এর মধ্যে শামসুর রাহমানের ‘স্মৃতির শহর’ রচনাটিকে তুমি কোন্ শ্রেণিতে ফেলতে চাও? দৃষ্টান্তসহ মতামত দাও।

[ Turn over



৩। ক) নব্য-স্বাধীন রাষ্ট্রে এক দরিদ্র মুসলমান নারীর যে দুরবস্থা এবং ক্রমশ কোণঠাসা হয়ে পড়ার পরিস্থিতি, সূর্য-দীঘল বাড়িতে শেষ পর্যন্ত বসবাস করতে না পারার ঘটনাটি কি কোথাও তারই রূপক হয়ে ওঠে? আবু ইসহাকের *সূর্য দীঘল বাড়ি* উপন্যাস অবলম্বনে আলোচনা করো।

**অথবা**

খ) আখতারুজ্জামান ইলিয়াসের “খোয়াবনামা”য় জাতীয়তাবাদী ইতিহাস চেতনার প্রতিস্পর্ধী চেতনা হিসাবে আঞ্চলিক ইতিহাসের যে ধারাভাষ্য বর্ণিত হতে থাকে, সেই সঙ্গে সন্ন্যাসী-ফকির বিদ্রোহের ঐতিহ্যকে যে ভাবে কথক আখ্যান শরীরে আনেন, তা কি উক্ত পাঠ্যর বিশেষ কোনও অভিসন্ধি কে চিহ্নিত করে?